গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
জেলা প্রশাসকের কার্যালয়, সিলেট
(রাজস্ব শাখা)
www.sylhet.gov.bd

উন্নয়ন প্রকল্পে জলমহাল ইজারা প্রাপ্তির জন্য অনলাইনে আবেদন দাখিল সংক্রান্ত বিজ্ঞপ্তি

এতদ্বারা প্রকৃত নিবন্ধিত মৎস্যজীবী সমবায় সমিতি/সংগঠনের অবগতির জন্য জানানো যাচ্ছে যে, সিলেট জেলা প্রশাসনের ব্যবস্থাপনাধীন ২০ একরের উর্ধ্বের নিম্নবর্ণিত বদ্ধ জলমহালসমূহ সরকারি জলমহাল ব্যবস্থাপনা নীতি, ২০০৯ এর আলোকে উন্নয়ন প্রকল্পের আওতায় ১৪৩৪-১৪৩৯ বঙ্গাব্দ ০৬(ছয়) বৎসর মেয়াদে ইজারা প্রদানের লক্ষ্যে নিম্নলিখিত শর্তাধীনে আবেদন আহবান করা যাচ্ছে।

০২. জলমহাল ইজারা সংক্রান্ত বিজ্ঞপ্তি প্রকাশের পর ১৪৩৩ বঙ্গাব্দের ০৩ কার্তিক থেকে ৩০ কার্তিক পর্যন্ত ভূমি মন্ত্রণালয়ের ওয়েবসাইটে (jm.lams.gov.bd-তে রেজিস্ট্রেশন সম্পন্ন করে) অনলাইনে আবেদন দাখিল করা যাবে। তাছাড়া উন্নয়ন প্রকল্পে জলমহাল ইজারা প্রদানের বিজ্ঞপ্তি www.sylhet.gov.bd ওয়েব সাইটেও পাওয়া যাবে।

সিলেট জেলার ১৪৩৪-১৪৩৯ বঙ্গাব্দ মেয়াদে উন্নয়ন প্রকল্পের আওতায় ইজারাযোগ্য জলমহালসমূহের তালিকা

ক্রমিক নম্বর	উপজেলার নাম	জলমহালের নাম	আয়তন (একরে)	পূর্ববর্তী সর্বোচ্চ মূল্য	২৫% বর্ধিত হারে সরকারি ইজারামূল্য	মন্তব্য
১.	সিলেট সদর	দাবাদা বিল	৭৪.৭৫	১১,১৫,০৪৩/-	১৩,৯৩,৮০৪/-	-
২.		হারিখাই বিল	২৩.৪৯	৩,৯৯৬/-	৪,৯৯৫/-	-
৩.		নোয়া বিল	৩৪.৩৪	১৭,৩২৫/-	২১,৬৫৭/-	২৩৪/২০০৫ স্বত্ব মামলাভুক্ত
৪.		অলংগী কাটা বিল	২৫.২৭	৬০,০০০/-	৭৫,০০০/-	১৯/২০১০ রা: মি: আ: মামলাভুক্ত
৫.		আন্দু গাং গ্রুপ	৪৩.৬০	১,৯৯,০৩৬/-	২,৪৮,৭৯৫/-	-
৬.		চেঙ্গামারা বিল	২৭.২০	১,২২,৭৮৯/-	১,৫৩,৪৮৭/-	-
৭.		গোয়াই বিল	২২.২৪	২১,৪১৭/-	২৬,৭৭২/-	১৩২৮৬/২০১৬ রিট মামলাভুক্ত
৮.		সিঙ্গি বিল	২৩.৫৩	২৫,৫২৬/-	৩১,৯০৮/-	১৫ (কনটেম্পট) (ভায়ো) (এফ)/২০২১ মামলাভুক্ত
৯.		হিজলা কেউটি	৪৪.৬০	১,৮৯,৬৮৪/-	২,৩৭,১০৫/-	-
১০.	দক্ষিণ সুরমা	ভাড়েরা বিল	২১.১৩	৫০,৫০৭/-	৬৩,১৩৪/-	১৭/২০০৮ স্বত্ব মামলাভুক্ত
১১.		মাগুরা বিল	২৫.০৮	১,১০০/-	১,৩৭৫/-	-
১২.		লোহাজুরি বিল	৬৫.০০	১,০০,০০০/-	১,২৫,০০০/-	৭৭২০/২০১০ রিট মামলাভুক্ত
১৩.		কুরুয়া বিল	৩৪.১১	৬২,০০০/-	৭৭,৫০০/-	-
১৪.		আগলফা বিল	৩২.৪০	৬,০০,০০০/-	৭,৫০,০০০/-	১২২(এফএম)/২০২২ সি. আর. মামলাভুক্ত
১৫.		বাদাউরা গ্রুপ	৫১.৩২	১২,৯০,৭৭৯/-	১৬,১৩,৪৭৪/-	-
১৬.		দেওজুর বিল	৫২.৯১	১৯,১৪,২৮২/-	২৩,৯২,৮৫৩/-	-
১৭.		চাপরা বিল	৬৬.৩৯	৫,৯৯,২৩০/-	৭,৪৯,০৩৮/-	-
১৮.		হাওয়াচেরা বিল	৮৪.৩০	৫,০০,০০০/-	৬,২৫,০০০/-	-
১৯.		ইটনার জাওর	২৪.০৮	১,৪৭,৮৭৮/-	১,৮৪,৮৪৮/-	সিভিল রুল নম্বর-১৪৭(এফ.এম)/২০২০ মামলাভুক্ত
২০.		বড় লুলা বিল	৬৪.৯০	৬,৪২,৭৯০/-	৮,০৩,৪৮৮/-	-
২১.	জৈন্তাপুর	তেলকুম বিল	২৮.৬৮	৩৯,৬০০/-	৪৯,৫০০/-	৬৩/১৯৯০ স্বত্ব মামলাভুক্ত

২২.		রাংপানি বিল	৩২.৭৬	১১,৫০০/-	১৪,৩৭৫/-	-
২৩.		কেন্দ্রী বিল	৩১৯.৫৭	৪,৪১,০০০/-	৫,৫১,২৫০/-	-
২৪.		হাসনা বিল	৬৬.৫৮	৮২,৯৯৭/-	১,০৩,৭৪৭/-	-
২৫.		ধুপনী বিল	৬০.৫৩	৫০,৮২৬/-	৬৩,৫৩৩/-	৫১৩৭/২০০৭ সি. আর মামলাভুক্ত
২৬.		দুলকনা বিল	৫৩.৫৭	৪১,০৯৬/-	৫১,৩৭০/-	৫১৩৭/২০০৭ সি. আর মামলাভুক্ত
২৭.		ডিবি বিল	২০.৩২	১১,০২৫/-	১৩,৭৮২/-	-
২৮.		সাবলাইন কুড়ি	৮০.৪৬	৭৩,৭০৭/-	৯২,১৩৪/-	১০৩৯৫/২০২৬ রিট মামলাভুক্ত
২৯.		গোপরাজান বিল	২৬.৫৭	১,১৯,১৫৭/-	১,৪৮,৯৪৭/-	-
৩০.	ওসমানীনগর	কালাসারা বিল	২৬.৭৫	৩৪,৬০০/-	৪৩,২৫০/-	-
৩১.		বদ্ধ কুশিয়ারা	৬৭.৬৯	১,৯৭,৯১২/-	২,৪৭,৩৯০/-	-
৩২.		চানপুর মহাজন	৪১.৮৭	৭,৫০০/-	৯,৩৭৫/-	-
৩৩.		রামধন বিল	৩৯.০০	২,০০,০০০/-	২,৫০,০০০/-	-
৩৪.		লুমের আগা গুপ	২৬.২৫	৭৮,১২৫/-	৯৭,৬৫৭/-	-
৩৫.		সুন্দিখলা বিল	৪৭.০৬	৮,০৭,৩৭৩/-	১০,০৯,২১৭/-	-
৩৬.		কাকমুড়া বিল	২৭.১৯	৫,৯৮,৮৪৮/-	৭,৪৮,৫৬০/-	-
৩৭.		লুম বিল	৫০.২৯	৮,৮৮,৬৭৩/-	১১,১০,৮৪২/-	-
৩৮.	বালাগঞ্জ	মাগুরা বিল	২১.৮০	১৫,৬০১/-	১৯,৫০২/-	-
৩৯.		খাগদর বিল	৭০.১৪	১,১০,১৭০/-	১,৩৭,৭১৩/-	-
৪০.		কালকাউজা বিল	৩১.২৫	৪০,৭১৫/-	৫০,৮৯৪/-	-
৪১.		বেড়াঘাটিয়া গুপ	৩৫৫.১৬	১৪,৯৮,৭৮৭/-	১৮,৭৩,৪৮৪/-	-
৪২.	গোয়াইনঘাট	৮০ উনাই বিল	৩৩.২৪	১৫,৬৫০/-	১৯,৫৬৩/-	-
৪৩.		বুজাডং	৩৪.৩৮	২,২৫০/-	২,৮১৩/-	-
৪৪.		বড় বুগইল বিল	৪২.৪২	১,৩০০/-	১,৬২৫/-	-
৪৫.		শালচাপরা বিল	২০.৬৯	৩,২০০/-	৪,০০০/-	-
৪৬.		১১১ হাইলা বিল	৪০.৪০	৬৪,৬২৮/-	৮০,৭৮৫/-	-
৪৭.		চিরাবরাইল	১৬৯.২০	৫,৩৬,৩৬৭/-	৬,৭০,৪৫৯/-	-
৪৮.		কামদালি খাল	২১.৬৫	৩৫,০০০/-	৪৩,৭৫০/-	-
৪৯.		১৮৮ মাটিকাপা	৬৪.১৩	৩,০৮,৭৬৯/-	৩,৮৫,৯৬২/-	-
৫০.		৪৮/৫২ বাগরা খাল	৯৯.১৩	১১,৮৪,৩৭৯/-	১৪,৮০,৪৭৪/-	-
৫১.		বাদাডহর গুপ	১২০.৯৯	২৬,৮১,২৭৮/-	৩৩,৫১,৫৯৮/-	-
৫২.		১৬৪ রৌচুন্নী গুপ	১২১.৬১	১৭,২১,১৭০/-	২১,৫১,৪৬৩/-	-
৫৩.		বুগইল বিল	৩৬.১২	৯৬,৪৪৮/-	১,২০,৫৬০/-	-
৫৪.		মেওয়া বিল	৫৯.৮৩	৫,২৬,৬৬৭/-	৬,৫৮,৩৩৪/-	-
৫৫.		৬৫/৬৬ বুগইল বিল	৯১.২৭	১১,৫২,১৬৪/-	১৪,৪০,২০৫/-	-
৫৬.		বড় ডং	২৬.৪২	৩,৬৯,৬৮৪/-	৪,৬২,১০৫/-	-
৫৭.	কোম্পানী গঞ্জ	পানি চাউরি গুপ	৩০.৪১	১৪,৩৩,৯৯৮/-	১৭,৯২,৪৯৮/-	-
৫৮.		নভাগী	৩৩.২২	১,৩২০/-	১,৬৫০/-	-
৫৯.		পুকুরিয়া গুপ	১৭১.৫৮	২৪,০৯,৭৬৮/-	৩০,১২,২১০/-	-
৬০.		পানি চাপরা পুক চাপরা	১৬৭.২৯	১৪,০৬,৯৯৫/-	১৭,৫৮,৭৪৪/-	-
৬১.		ছোট দুলাইন সিঙ্গার	১২৭.৫৪	৩,৩৭,৩৬৫/-	৪,২১,৭০৭/-	-
৬২.		৮৪/৯০ লুম বিল	৩৩০.৩৮	৮৯,৩০,৭২০/-	১,১১,৬৩,৪০০/-	-
৬৩.		শিলাকুড়ি গুপ	১১২১.৮০	২২,৩৮,৫২৮/-	২৭,৯৮,১৬০/-	-

৬৪.	বিয়ানীবাজার	মাটিখলা বিল	২৫.৫৩	৬,৫২,৬৯৭/-	৮,১৫,৮৭২/-	-
৬৫.		শওকতি বিল	৫৩.৬৪	১,৪০,৮৩৯/-	১,৭৬,০৪৯/-	-
৬৬.		ছোট মাইয়া বড় মাইয়া	৩৫.৯২	৩,৫২,৭০৩/-	৪,৪০,৮৭৯/-	-
৬৭.	গোলাপগঞ্জ	বাছাকুড়ি	৩৪.৮০	২৩,১৫৩/-	২৮,৯৪২/-	-
৬৮.		ছোট হাওয়া বিল	২৪.৭৪	৪৩,২৬৯/-	৫৪,০৮৭/-	-
৬৯.		শিলাকুড়ি বিল	১৪৫.৯৮	১০,৭১,৮৩৮/-	১৩,৩৯,৭৯৮/-	-
৭০.	কানাইঘাট	ঝরঝরি বিল	৪৭.০০	১৯,২১৫/-	২৪,০১৯/-	২০৯/২০০৫ সি. আর. মামলাভূক্ত
৭১.		জুর বিল	২৮.৪৭	২৮,০০০/-	৩৫,০০০/-	১০৩৪০(আর)/১৯৯১ সি. আর. মামলাভূক্ত
৭২.		শাখাবাকা	৩৮.৬৭	১,৫৩,৫১৭/-	১,৯১,৮৯৭/-	-
৭৩.	ফেঞ্চুগঞ্জ	নাদানজুরি গুপ	২৩৪.১২	২৫,৩৪,৭৬৭/-	৩১,৬৮,৪৫৯/-	-
৭৪.	জকিগঞ্জ	সিংগাইড় কুড়ি গুপ	৫৪.৬০	৫,৩৩,৭০০/-	৬,৬৭,১২৫/-	-

আবেদন দাখিল/বন্দোবস্ত প্রদানের শর্তাবলী

১. আবেদনের সাথে উন্নয়ন প্রকল্পের বিস্তারিত বিবরণ (প্রকল্প ছকে) দাখিল করতে হবে;

২. আবেদনের সাথে প্রকৃত মৎস্যজীবী সমবায় সমিতির নিবন্ধন সনদ (রেজিস্ট্রেশন) এর সত্যায়িত কপি দাখিল করতে হবে;

৩. আবেদনের সাথে নিবন্ধিত প্রকৃত মৎস্যজীবী সমবায় সমিতির সকল সদস্যের নাম, ঠিকানা ও ছবি দাখিল করতে হবে;

৪. আবেদনের সাথে প্রকৃত মৎস্যজীবীদের জাতীয় পরিচয় পত্রের ছায়ালিপি দাখিল করতে হবে;

৫. আবেদনকারী সমিতির প্রত্যেক সদস্য প্রকৃত মৎস্যজীবী মর্মে উপজেলা জলমহাল ব্যবস্থাপনা কমিটির পক্ষে উপজেলা মৎস্য কর্মকর্তা/সিনিয়র উপজেলা মৎস্য কর্মকর্তা কর্তৃক প্রদত্ত প্রত্যয়ন পত্র আবেদনের সাথে দাখিল করতে হবে;

৬. সভাপতি, সম্পাদক ও উক্ত সমিতির নিকট সরকারি কোন বকেয়া রাজস্ব পাওনা আছে কিনা এবং তাদের বিরুদ্ধে কোন সার্টিফিকেট মামলা আছে কিনা জেলা প্রশাসন কর্তৃক প্রদত্ত প্রত্যয়ন পত্র আবেদনের সাথে দাখিল করতে হবে;

৭. আবেদনের সাথে সংশ্লিষ্ট জলমহালের প্রস্তাবিত ইজারামূল্যের ২০% (শতকরা হারে) জামানত হিসেবে জেলা প্রশাসক, সিলেট এর অনুকূলে ব্যাংক ড্রাফট/পে-অর্ডার এর মূল কপি দাখিল করতে হবে;

৮. আবেদনের সাথে সমিতির গঠনতন্ত্র দাখিল করতে হবে;

৯. আবেদনের সাথে সমিতির সভার কার্যবিবরণী দাখিল করতে হবে;

১০. আবেদনের সাথে ব্যাংক সলভেন্সী সার্টিফিকেট (বাংক'স রুলস অনুসারে) দাখিল করতে হবে;

১১. আবেদনের সাথে সমিতির বিগত ০২(দুই) বছরের অডিট রিপোর্ট দাখিল করতে হবে, তবে নতুন নিবন্ধিত সংগঠন/সমিতির জন্য অডিট রিপোর্টের প্রয়োজন হবে না;

১২. সমিতির সদস্যগণ প্রকৃত মৎস্যজীবী, মাছ চাষ, শিকার ও বিপননের সাথে জড়িত আছেন ও থাকবেন এবং জলমহাল ইজারা পেলে নিজেরাই তা পরিচালনা করবেন মর্মে এমন অঙ্গীকারনামা আবেদনের সাথে দাখিল করতে হবে;

১৩. ইজারাপ্রাপ্ত সমিতিকে ২য় বৎসর হতে ৫ম বৎসর পর্যন্ত প্রতি বৎসরের পরিশোধিত ইজারামূল্যের সাথে অতিরিক্ত ২০% অর্থ ব্যাংক ড্রাফট/পে-অর্ডার আকারে জেলা প্রশাসক, সিলেট এর অনুকূলে (ব্যাংক ড্রাফট/পে-অর্ডারের মূল কপি) দাখিল করতে হবে;

১৪. সীলগালাকৃত খামের উপরিভাগে 'জলমহাল ইজারা প্রাপ্তির জন্য আবেদন' কথাগুলো স্পষ্টভাবে লিখতে হবে এবং খামের বামপার্শ্বের নিম্নভাগে সমিতির নাম ও ঠিকানা লিখিত থাকতে হবে;

১৫. সরকারি নীতিমালা অনুযায়ী প্রত্যেক বৎসরের ইজারামূল্যের সাথে ১৫% ভ্যাট ও ১০% আয়কর পরিশোধ করতে হবে। এক্ষেত্রে সরকার কর্তৃক সময়ে সময়ে জারিকৃত নির্দেশ ও অন্যান্য কর যদি প্রযোজ্য হয় তাও পরিশোধ করতে ইজারাপ্রাপ্ত সমিতি বাধ্য থাকবেন;

১৬. মামলাভুক্ত জলমহালসমূহের ক্ষেত্রে আদালতের সর্বশেষ আদেশ (যদি থাকে) প্রতিপালন সাপেক্ষে পরবর্তী কার্যক্রম গ্রহণ করা হবে;

১৭. জলমহালের সরেজমিন অবস্থা প্রত্যক্ষ করে ইজারা প্রাপ্তির আবেদন দাখিল করতে হবে। ইজারা অনুমোদনের পর জলমহাল সমর্পন/প্রত্যর্পনের আবেদন করা যাবে না। এরূপ আবেদন করা হলে জামানত বাজেয়াপ্তসহ সমিতি পরবর্তী ০৩(তিন) বৎসর সরকারি জলমহাল ইজারা কার্যক্রমে অংশগ্রহণ করতে পারবে না;

১৮. অনলাইনে দাখিলকৃত তথ্যাদি এবং প্রিন্টিং কপি হিসেবে দাখিলকৃত তথ্যাদির মধ্যে তারতম্য পরিলক্ষিত হলে অনলাইনের তথ্যাদি সঠিক মর্মে বিবেচিত হবে;

১৯. উন্নয়ন প্রকল্পে জলমহাল ইজারা প্রাপ্তির লক্ষ্যে প্রয়োজনীয় কাগজপত্রসহ ১৪৩৩ বঙ্গাব্দের ০৩ কার্তিক থেকে ৩০ কার্তিকের মধ্যে আবশ্যিকভাবে ভূমি মন্ত্রণালয়ের নির্ধারিত ওয়েবসাইটে (jm.lams.gov.bd-তে রেজিস্ট্রেশন সম্পন্ন করে) অনলাইনে আবেদন দাখিল করতে হবে;

২০. অনলাইনে দাখিলকৃত কাগজপত্রের প্রিন্টেড কপি (ব্যাংক ড্রাফট/পে-অর্ডারের মূল কপিসহ) ১৪৩৩ বঙ্গাব্দের ০১, ০২ ও ০৩ অগ্রহায়ণ (১৬, ১৭ ও ১৮ নভেম্বর, ২০২৬) তারিখ অফিস সময়ের মধ্যে এ কার্যালয়ের জেলা ই-সেবা কেন্দ্রে সীলগালা মুখবন্ধ খামে জমা দিতে হবে। নির্ধারিত সময়ের পর কোন আবেদন গ্রহণ করা হবে না কিংবা ডাকযোগেও নির্ধারিত সময়ের পর কোন আবেদন পাওয়া গেলে মুখবন্ধ খাম না খুলে প্রাপকের ঠিকানায় পুনরায় ফেরত প্রেরণ করা হবে;

২১. জলমহাল ইজারা প্রদানের বিষয়ে কর্তৃপক্ষের সিদ্ধান্ত চূড়ান্ত বলে গণ্য হবে।

আবদুল্লাহ আল মামুন
জেলা প্রশাসক
সিলেট
ফোন: ০২৯৯৬৬৮৭১১৭
ই-মেইল: dcsylhet@mopa.gov.bd

২৮/১০/২০২৬

স্মারক নম্বর: ০৫.৪৬.৯১০০.০০৮.৩২.২৮৪.২৬. ২৩৭৮

তারিখ : ২৭ আশ্বিন ১৪৩৩
২৪ অক্টোবর ২০২৬

সদয় জ্ঞাতার্থে/কার্যার্থে:

১. সিনিয়র সচিব, ভূমি মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা;
২. চেয়ারম্যান, ভূমি সংস্কার বোর্ড, ভূমি ভবন, ৯৮, শহিদ তাজউদ্দীন আহমদ সরণি, তেজগাঁও, ঢাকা;
৩. বিভাগীয় কমিশনার, সিলেট বিভাগ;
৪. জেলা প্রশাসক, সুনামগঞ্জ/হবিগঞ্জ/মৌলভীবাজার;
৫. পুলিশ সুপার, সিলেট;
৬. জেলা মৎস্য কর্মকর্তা, সিলেট (ইজারা কার্যক্রমে ব্যাপক প্রতিযোগিতা নিশ্চিত করার লক্ষ্যে নিবন্ধিত প্রকৃত মৎস্যজীবী সমবায় সমিতি/সংগঠনের মধ্যে বহুল প্রচারের ব্যবস্থা গ্রহণ ও বিষয়টি মৎস্য বিভাগীয় মাসিক সমন্বয় সভায় আলোচনা এবং সরকারি জলমহাল ব্যবস্থাপনা নীতি, ২০০৯ এর ৫.(৩) অনুচ্ছেদ অনুযায়ী প্রত্যয়ন পত্র প্রদানের ক্ষেত্রে প্রত্যয়ন পত্রে যাতে কোন জলমহালের নাম উল্লেখ না করা হয় সে বিষয়ে সকল উপজেলা মৎস্য কর্মকর্তা/সিনিয়র উপজেলা মৎস্য কর্মকর্তাগণকে নির্দেশনা প্রদানের জন্য অনুরোধ করা হলো);
৭. উপ-পরিচালক, কৃষি সম্প্রসারণ অধিদপ্তর, সিলেট;
৮. উপ-পরিচালক, সমাজসেবা অধিদপ্তর, সিলেট;
৯. বিভাগীয় বন কর্মকর্তা, সিলেট;
১০. উপজেলা নির্বাহী অফিসার.....(সকল), সিলেট (বিজ্ঞপ্তিটি তাঁর কার্যালয়ের নোটিশ বোর্ডে ও উপজেলা প্রশাসনের ওয়েবসাইটে তাৎক্ষণিকভাবে প্রচারের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য অনুরোধ করা হলো);

১১. আঞ্চলিক পরিচালক, বাংলাদেশ বেতার, সিলেট (তাঁকে বেতার মারফত বিজ্ঞপ্তিটি বহুল প্রচারের ব্যবস্থা গ্রহণের জন্য অনুরোধ করা হলো);
১২. উপ-পরিচালক, বিভাগীয় তথ্য অফিস, সিলেট (তাঁকে মাইকযোগে বিজ্ঞপ্তিটি বহুল প্রচারের ব্যবস্থা গ্রহণের জন্য অনুরোধ করা হলো);
১৩. নির্বাহী প্রকৌশলী, পানি উন্নয়ন বোর্ড, সিলেট;
১৪. জেলা সমবায় কর্মকর্তা, সিলেট (ইজারা কার্যক্রমে ব্যাপক প্রতিযোগিতা নিশ্চিত করার লক্ষ্যে নিবন্ধিত প্রকৃত মৎস্যজীবী সমবায় সমিতি/সংগঠনের মধ্যে বহুল প্রচারের ব্যবস্থা গ্রহণ ও বিষয়টি তাঁর দপ্তরের মাসিক সমন্বয় সভায় আলোচনা এবং সরকারি জলমহাল ব্যবস্থাপনা নীতি, ২০০৯ অনুযায়ী উন্নয়ন প্রকল্পে আবেদন দাখিলের ক্ষেত্রে সংশ্লিষ্ট সমিতিসমূহকে প্রয়োজনীয় সহযোগিতা প্রদান ও সমিতি কার্যকর মর্মে প্রত্যয়ন পত্র প্রদানের ক্ষেত্রে এবং সমিতির সভার কার্যবিবরণীতে যাতে কোন জলমহালের নাম উল্লেখ না করা হয় সে বিষয়ে সকল উপজেলা সমবায় কর্মকর্তাগণকে নির্দেশনা প্রদানের জন্য অনুরোধ করা হলো);
১৫. জেলা মহিলা বিষয়ক কর্মকর্তা, সিলেট;
১৬. সহকারী কমিশনার (ভূমি).....(সকল), সিলেট (বিজ্ঞপ্তিটি তাঁর কার্যালয়ের নোটিশ বোর্ডে, উপজেলা ভূমি অফিসের ওয়েবসাইটে তাৎক্ষণিকভাবে প্রচারের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য অনুরোধ করা হলো);
১৭. সহকারী কমিশনার, আইসিটি শাখা, জেলা প্রশাসকের কার্যালয়, সিলেট (বিজ্ঞপ্তিটি জেলা প্রশাসনের ওয়েবসাইটে বহুল প্রচারের ব্যবস্থা গ্রহণের জন্য অনুরোধ করা হলো);
১৮. উপজেলা মৎস্য কর্মকর্তা/সিনিয়র উপজেলা মৎস্য কর্মকর্তা.....(সকল), সিলেট;
১৯. উপজেলা সমবায় অফিসার.....(সকল), সিলেট;
২০. সম্পাদক, দৈনিক.....(এসাথে প্রেরিত বিজ্ঞপ্তি আপনার দৈনিক পত্রিকায় ভেতরের পাতায় সীমিত পরিসরে (Single space) কেবলমাত্র ০১(এক) দিনের জন্য জরুরি ভিত্তিতে প্রকাশের জন্য অনুরোধ করা হলো);
২১. নোটিশ বোর্ড;
২২. অফিস কপি।

জেলা প্রশাসক
সিলেট
২৪/১০
২০২৫